


স্মারক নং- ০৫.৫০.১০০০.০০১.১২.০০৭.২৩-৬৩০

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে বগুড়া জেলার ০৭টি সংসদীয় আসনের নির্বাচনি সংবাদ সংগ্রহের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে জারীকৃত “নির্বাচনি সংবাদ সংগ্রহের দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যম কর্মীদের জন্য নীতিমালা (সংশোধিত)” অনুযায়ী পরিচয়পত্র ও গাড়ীর স্টিকার সংগ্রহের জন্য জেলা পর্যায়ের গণমাধ্যম কর্মীদের জেলা প্রশাসক, বগুড়া ও রিটার্নিং অফিসার বরাবর (জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর ১০৮ নং বুন্দের নির্ধারিত বুথে) এবং উপজেলা পর্যায়ের গণমাধ্যম কর্মীদের সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার বরাবর আবশ্যিকভাবে আগামী ০৪ জানুয়ারি ২০২৪ খ্রি. বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত নিয়মে আবেদন করার জন্য অনুরোধ করা হলো:

- ১। সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/ চিফ রিপোর্টার/ বার্তা প্রধান/ ব্যুরো প্রধান/ জেলা প্রতিনিধির স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে।
  - ২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে কতজন সাংবাদিককে এয়াসাইনমেন্ট দেওয়া হলো তাদের নাম, পদবী, প্রতিষ্ঠানের সাংবাদিক পরিচয়পত্র/ পিআইডি কার্ড, সংবাদ সংগ্রহের অধিক্ষেত্র ইত্যাদি উল্লেখ করতে হবে।
  - ৩। আবেদনপত্রের সাথে হালনাগাদ সাংবাদিক পরিচয়পত্র/ পিআইডি কার্ড, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজ রশ্মিন ছবি সংযুক্ত করতে হবে।
  - ৪। টেলিভিশনের সাংবাদিকদের প্রযুক্তিগত সহায়তা করার জন্য সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্রের জন্য একই পদ্ধতিতে আবেদন করতে হবে।
  - ৫। গাড়ি/ মোটর সাইকেলের স্টিকারের জন্য সংশ্লিষ্ট সাংবাদিককে স্ব স্ব প্রতিষ্ঠানের নিয়োগপত্র, প্রেস আইডির কপি, এনআইডি কপি, গাড়ি/ মোটরসাইকেলের রেজিস্ট্রেশনের কাগজপত্র (ফিটনেস সার্টিফিকেটসহ), ডাইভিং লাইসেন্স, মোবাইল নং ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ আবেদন করতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে, সাংবাদিক আইডি কার্ডের সাথে গাড়ি/ মোটরসাইকেলের জন্যও আবেদন দাখিল করতে হবে।
- উল্লেখ্য যে, ০৪ জানুয়ারি ২০২৪ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকার পরে কোনো আবেদন গ্রহণ করা হবেনা।


  
(মোঃ সাইফুল ইসলাম)  
জেলা প্রশাসক, বগুড়া  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

স্মারক নং- ০৫.৫০.১০০০.০০১.১২.০০৭.২৩-৬৩০

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৪। পুলিশ সুপার, বগুড়া।
- ০৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার ও সহকারী রিটার্নিং অফিসার, বগুড়া।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), বগুড়া। (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ০৮। জেলা তথ্য অফিসার, বগুড়া (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ০৯। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), বগুড়া।
- ১০। অফিসার ইন-চার্জ, (সকল), বগুড়া।
- ১১। নোটিশ বোর্ড/অফিস নথি।

  
জেলা প্রশাসক, বগুড়া  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন